# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৯৪২

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৭. দ্বিতীয় অনুচ্ছেদ - উত্তম সদাক্বার বর্ণনা

### আরবী

وَعَن أم بحيد قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «رُدُّوا السَّائِلَ وَلَوْ بِظِلْفٍ مُحْرَقٍ» . رَوَاهُ مَالِكٌ وَالنَّسَائِيُّ وَرَوَى التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُدَ مَعْنَاهُ

### বাংলা

১৯৪২-[১৪] উম্মু বুজায়দ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সাহায্যপ্রার্থীকে কিছু দিয়ে বিদায় করবে। যদি তা আগুনে ঝলসানো একটি খুরও হয়। (মালিক, নাসায়ী, তিরমিযী এবং আবূ দাঊদ এ হাদীসের সমার্থবোধক বর্ণনা করেছেন)[1]

### ফুটনোট

[1] সহীহ : নাসায়ী ২৫৬৫, আহমাদ ২৭৪৫০, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৭৭৪৯, সহীহ আল জামি‘ আস্ সগীর ৩৫০২।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসটির মর্মার্থ হলো, তোমরা ভিক্ষুককে বঞ্চিত করো না। অর্থাৎ একেবারে খালি হাতে ফেরত দিও না। বরং একটি পোড়া খুর (পশুর পায়েরর নিম্নের খুর) হলে তাকে দাও। অর্থাৎ তুমি তোমার নিকট যা সহজ হয় তাই দাও, সেটা পরিমাণে কম হোক না কেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56502

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন